

## **PRIVATE & CONFIDENTIAL**

### **নিরপেক্ষ নিরীক্ষকের প্রতিবেদন**

৩০ শে জুন, ২০২২ ইং তারিখে সমাপ্ত অর্থ বৎসরের  
প্যাকেজ নং : এস-১১/এলজিএসপি-৩

ইউনিয়ন পরিষদের নাম : ০৭ নং জামালপুর ইউনিয়ন পরিষদ

এলজিডি আইডি নং : ৩৮২০৭৫৭

উপজেলার নাম : বালিয়াকান্দি

জেলার নাম : রাজবাড়ী

চুক্তিপত্র নং- ৪৬.০০.০০০০.০১৮.০৭.০৯৮.২০২০-১১ তারিখঃ ০৬.০৫.২০২১

**J.U. AHMED & CO.**  
**CHARTERED ACCOUNTANTS**  
**DHAKA**

## ০৭ নং জামালপুর ইউনিয়ন পরিষদ, উপজেলা : বালিয়াকান্দি, জেলা : রাজবাড়ী

### নিরপেক্ষ নিরীক্ষকের প্রতিবেদন

মরা এতদসঙ্গে ০৭ নং জামালপুর ইউনিয়ন পরিষদের ৩০ শে জুন, ২০২২ ইং সমাপ্ত অর্থ বছরের বার্ষিক আর্থিক বিবরণীসমূহ নিরীক্ষা রেছি, যার মধ্যে রয়েছে উক্ত অর্থ বছরে ০৭ নং জামালপুর ইউনিয়ন পরিষদের প্রাপ্তি ও প্রদান বিবরণী, হিসাব সংক্রান্ত গুরুত্বপূর্ণ পদ্ধতির রূর্ম ও অন্যান্য ব্যাখ্যায়িত তথ্য। এ আর্থিক বিবরণীটি নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষের শর্ত মোতাবেক প্রস্তুত করার দায়-দায়িত্ব ইউনিয়ন পরিষদ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের। আর্থিক নিরীক্ষার সময় ‘ইউনিয়ন পরিষদ অপারেশনাল ম্যানুয়েল’ (প্রকাশকাল: সেপ্টেম্বর, ২০১৮) এর মধ্যে ইউনিয়ন পরিষদের কার্যক্রম সংগতিপূর্ণ কি না তাহা যাচাই করা হয়েছে। শর্তানুসারে ইউনিয়ন পরিষদের আর্থিক, বাস্তব অবস্থা ও ন্যান্য বিষয়াদি নিরীক্ষা শেষে নিম্নে নিরীক্ষা মতামত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপস্থাপন করা হল।

#### নিরীক্ষা মতামত: শর্তব্যুক্ত

৭ নং জামালপুর ইউনিয়ন পরিষদের ৩০ শে জুন, ২০২২ এ সমাপ্ত অর্থ বছরের প্রাপ্তি ও প্রদান সংক্রান্ত হিসাব বিবরণী স্থানীয় সরকার ইউনিয়ন পরিষদ (আইন ২০০৯ এর নিয়ম অনুসারে উপস্থাপিত হয়েছে এবং কার্যক্রম ‘ইউনিয়ন পরিষদ অপারেশনাল ম্যানুয়েল’ প্রকাশকাল: সেপ্টেম্বর, ২০১৮) এর সাথে সংগতিপূর্ণ নয়। ইউনিয়ন পরিষদের আর্থিক ও বাস্তব অবস্থা নিরীক্ষা শেষে এবং প্রাপ্ত তথ্যের ভিত্তিতে অডিট টীম নিরীক্ষা প্রতিবেদনে শর্তব্যুক্ত মতামত প্রদান করছে।

যে সকল নিরীক্ষা প্রমাণপত্র পাওয়া গেছে তার মধ্য থেকে নিম্নে শর্তব্যুক্ত নিরীক্ষা মতামতের স্বপক্ষে উপস্থাপিত হল। আমরা বিশ্বাস করি বার্ষিক ভিত্তিসমূহ শর্তব্যুক্ত নিরীক্ষা মতামত প্রদানের স্বপক্ষে যথেষ্ট।

#### শর্তব্যুক্ত মতামতের ভিত্তি :

- ১ নিজস্ব তহবিলের ৫০০ টাকার অধিক ব্যয়ের ক্ষেত্রে ক্রস চেক ব্যবহার করা হয় নি।
- ২ ১২ মাসের জন্য ১২টি ব্যাংক স্টেটমেন্ট উত্তোলন করা হয় নি।
- ৩ নোটিশ বোর্ড থাকলেও তা নিয়মিত হালনাগাদ করা হয়নি।
- ৪ ইউনিয়ন পরিষদে আয়ের ক্ষেত্রে ক্রেডিট ভাউচার তৈরী করা হয় নি।
- ৫ রাজস্ব আদায় কমিটি গঠন করা হয় নি।

#### ব্যবস্থাপনা কর্তৃপক্ষের দায়িত্ব :

ইউনিয়ন পরিষদের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের দায়িত্ব হচ্ছে উক্ত ইউনিয়ন পরিষদের আর্থিক বছরের আর্থিক বিবরণীটি স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর নিয়ম অনুসারে তৈরি করা এবং এমন অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা গ্রহণ করা যাতে আর্থিক বিবরণী জালিয়াতি বা প্রক্রিয়া করলে সৃষ্টি বস্তুগত ভুল না থাকে। ইউনিয়ন পরিষদ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের আরো দায়িত্ব হচ্ছে ‘ইউনিয়ন পরিষদ অপারেশনাল ম্যানুয়েল’ এর সকল শর্তাবলীর সাথে সংগতি রেখে সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনা করা।

